যুগান্তর

তারিখ : 14 JUL 2015
পৃষ্ঠা ২ কলাম ৭

# যৌন হয়রানির অভিযোগে ঢাবির কর্মকর্তা স্থায়ী চাকরিচ্যুত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

যৌন হয়রানির অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) এক কর্মকর্তাকে স্থায়ীভাবে চাকরিচ্যুত করা হয়েছে। এছাড়া আরও দু'জনকে সাময়িক বরখাস্ত করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সোমবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

চাকরিচ্যুত ওই কর্মকর্তা হলেন ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অফিসের সেকশন অফিসার জাকারিয়া কবির। এছাড়া সাময়িকভাবে. বরখাস্ত হওয়া অন্য দু'জন হলেন— জঙ্গিবাদী কর্মকাণ্ডে সহযোগিতার অভিযোগে গ্রেফতার হওয়া লেদার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ইন্সটিটিউটের সিনিয়র টেকনিশিয়ান আবদুল বাতেন এবং মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের গবেষণাগার সহকারী গাজী মোহাম্মদ বাবুল।

সিন্ডিকেট সূত্র জানায়, মার্কেটিং বিভাগের এক ছাত্রীকে একাডেমিক সুযোগ-সুবিধার কথা বলে যৌন হয়রানি করায় ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন কার্যালয়ের সেকশন অফিসার জাকারিয়া কবিরকে বরখাস্ত করা হয়েছে। ডিন কার্যালয় সূত্রে জানা যায়, জাকারিয়া অতি সম্প্রতি চাকরিতে যোগ দিয়েছেন। সে কারণে শিক্ষানবিস হিসেবে কোনো ধরনের কারণ দর্শানো ছাড়াই স্থায়ীভাবে তাকে চাকরিচ্যুত করা হয়েছে। এছাড়া জঙ্গিবাদী কর্মকাণ্ডে সহযোগিতার জন্য পুলিশের হাতে গ্রেফতার বাতেন ও বাবুলকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। আদালতে তাদের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হলে স্থায়ীভাবে চাকরিচ্যুত করা হবে।